

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পানি সম্পদ মন্ত্রণালয়  
প্রশাসন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mowr.gov.bd](http://www.mowr.gov.bd)

বিষয় : বিশ্ব পানি দিবস ২০১৭ উদযাপন উপলক্ষে জেলা এবং উপজেলা পর্যায়ে বিশ্ব পানি দিবস উদযাপন অনুষ্ঠান, অর্থ ছাড় ও সেমিনার আয়োজন সংক্রান্ত কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ হুমায়ুন কবীর  
অতিরিক্ত সচিব (প্রশাসন)  
সভার তারিখ : ২৩ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিঃ  
সময় : বেলা ১০:০০ ঘটিকা।  
স্থান : পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।  
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-‘ক’।

বিশ্ব পানি দিবস ২০১৭ উপলক্ষে জেলা এবং উপজেলা পর্যায়ে দিবসটি উদযাপন অনুষ্ঠান, অর্থ ছাড় ও সেমিনারের আয়োজন সংক্রান্ত কমিটির আহ্বায়ক জনাব মোঃ হুমায়ুন কবীর, অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সভাপতিত্বে গত ১৫ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে প্রথম সভা অনুষ্ঠিত হয়। সভার প্রারম্ভে সভাপতি সবাইকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। সভায় ঢাকায় এবং অন্যান্য সদর উপজেলা ব্যতীত সকল জেলা এবং উপজেলায় ডিও সহ অর্থ বরাদ্দ পত্র প্রেরিত হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। সভাপতি সকলকে সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে কমিটির কার্যপরিধি মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য দৃষ্টি আকর্ষণ করেন। অতপর জাতীয় কমিটির সিদ্ধান্ত অনুযায়ী বিশ্ব পানি দিবসের তাৎপর্য ও গুরুত্ব তুলে ধরে পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ সকল সংস্থা, পানি সম্পদ বিষয়ে কাজ করে এরূপ এনজিও কর্তৃক ২২ মার্চ ২০১৭ তারিখের পূর্বে কিংবা পরে সেমিনার আয়োজন সম্পর্কে আলোচনা হয়।

২। জেলা ও উপজেলা পর্যায়ে দিবসটি সুষ্ঠুভাবে পালনের বিষয়ে অর্থ সংক্রান্ত উপ-কমিটিকে মনিটরিং দায়িত্ব প্রদান করা হয়। মনিটরিং গঠন কাঠামো নিম্নরূপ :

- |  |              |
|--|--------------|
| (১) যুগ্মসচিব (বাজেট ও অডিট), পানি সম্পদ মন্ত্রণালয়     | : আহ্বায়ক   |
| (২) উপসচিব (বাজেট), পানি সম্পদ মন্ত্রণালয়               | : সদস্য      |
| (৩) উপসচিব (প্রশাসন-১), পানি সম্পদ মন্ত্রণালয়           | : সদস্য      |
| (৪) সহকারী প্রধান (পরিকল্পনা-৪), পানি সম্পদ মন্ত্রণালয়  | : সদস্য      |
| (৫) পরিচালক (অর্থ পরিদপ্তর), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | : সদস্য      |
| (৬) সিনিয়র সহকারী সচিব (বাজেট), পানি সম্পদ মন্ত্রণালয়  | : সদস্য সচিব |

৩। সভার নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

- (ক) বিশ্ব পানি দিবস ২০১৭ উপলক্ষে CEGIS IWM BWDB একটি সেমিনারের আয়োজন করবে। BANCID এর ব্যবস্থাপনায় সেমিনার সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন হবে। আগামী ১(এক) সপ্তাহের মধ্যে এ বিষয়ে BANCID সভা আহ্বান করে মন্ত্রণালয়কে অবহিত করবে।
- (খ) যুগ্মসচিব (বাজেট ও অডিট) কে আহ্বায়ক করে গঠিত উপরিউক্ত কমিটি মনিটরিং দায়িত্ব পালন করবে। প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।
- (গ) জেলা ও উপজেলা পর্যায়ে জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী কর্মকর্তাবৃন্দকে পত্রের সঙ্গে মনিটরিং ছক প্রেরণ করা হবে।


৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-  
২৭/০২/২০১৭ খ্রিঃ  
( মোঃ হুমায়ুন কবীর )  
অতিরিক্ত সচিব (প্রশাসন)  
পানি সম্পদ মন্ত্রণালয়।

নং- ৪২.০০.০০০০.০০০৭.২৬.০০৪.২৭-৮৬ তারিখ- ২৭/০২/১৭

বিতরণ : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। যুগ্ম-সচিব (বাজেট ও অডিট/ উন্নয়ন-৪ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ)/পূর্ব রিজিয়ন/পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ৩। মহাপরিচালক, নদী গবেষণা ইনিস্টিটিউট, ফরিদপুর।
- ৪। উপ-সচিব (বাজেট ও অডিট/ প্রশাসন-২/উপ-প্রধান-২, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সহকারী সচিব (বাজেট), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সহকারী সচিব (উন্নয়ন-৩ শাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। সহকারী প্রধান(পরিকল্পনা-১/২/৪ শাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। পরিচালক (অর্থ), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ১০। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, বাড়ী নং-৬, সড়ক নং-২৩/সি, গুলশান-১, ঢাকা-১২১২।
- ১১। নির্বাহী পরিচালক, আই ডব্লিউ এম, বাড়ী নং-৪৯৬, রোড নং-৩২, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬।
- ১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, সেগুন বাগিচা ঢাকা।
- ১৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। পরিচালক (প্রচার সেল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ১৫। উপ-সচিব (প্রশাসন-১), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
(নূর-ই-খাজা আলমিন)  
সিনিয়র সহকারী সচিব